তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নংঃ ২১/২০১৬

অভিযোগকারী ঃ জনাব মোঃ ফিরোজ উদ্দিন
পিতা-মোঃ ওছমান গনী
ব্লাস্ট, ১/১ পাইওনিয়ার রোড
কাকরাইল, ঢাকা-১০০০।

প্রতিপক্ষ ঃ জনাব নেয়ামত উল্লাহ
পরিচালক (ক্যাডার)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) বাংলাদেশ সিভিল সার্ভিস কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা ।

সিদ্ধান্তপত্র

(তারিখ ঃ ১৯-০৪-২০১৬ ইং)

অভিযোগকারী ০৯-১১-২০১৫ তারিখে (অভিযোগে উল্লিখিত তথ্য অনুযায়ী) তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব নেয়ামত উল্লাহ, পরিচালক (ক্যাডার) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), বাংলাদেশ সিভিল সার্ভিস কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

ক) ২৮তম থেকে ৩৪ তম বিসিএস পরীক্ষায় মোট কত জন পরীক্ষার্থী প্রিলিমিনারি পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেন? তা জানতে চাই।এদের মধ্যে কত জন নারী ও পুরুষ প্রতিবন্ধী পরীক্ষার্থীর অংশগ্রহণ করেন? তা জানতে চাই।

খ) ২৮তম থেকে ৩৪ তম বিসিএস পরীক্ষার্থীর মোট কত জন পরীক্ষার্থী প্রিলিমিনারি পরীক্ষায় অংশগ্রহণ করেন? তা জানতে চাই। এদের মধ্যে কত জন নারী ও পুরুষ প্রতিবন্ধী ব্যক্তি পরীক্ষার্থী লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করেন? তা জানতে চাই।

গ) ২৮তম থেকে ৩৪ তম বিসিএস পরীক্ষার্থীর মোট কত জন পরীক্ষার্থী লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করেন ? তা জানতে চাই। এদের মধ্যে কত জন নারী ও পুরুষ প্রতিবন্ধী ব্যক্তি পরীক্ষার্থী লিখিত পরীক্ষায় অংশ গ্রহন করেন? তা জানতে চাই।

ঘ) ২৮তম থেকে ৩৪ তম বিসিএস লিখিত পরীক্ষায় মোট কত জন পরীক্ষার্থী পাশ করেন তা? জানতে চাই। এদের মধ্যে কত জন নারী ও পুরুষ প্রতিবন্ধী পরীক্ষার্থী লিখিত পরীক্ষায় পাশ করেন তা জানতে চাই।

ঙ) ২৮তম থেকে ৩৪ তম বিসিএস মৌখিক পরীক্ষায় মোট কত জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেন তা। জানতে চাই। এদের মধ্যে কত জন নারী ও কতজন পুরুষ প্রতিবন্ধী পরীক্ষার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করেন? তা জানতে চাই।

চ) ২৮তম থেকে ৩৪ তম বিসিএস মৌখিক পরীক্ষায় পাশ করে মোট কত জন পরীক্ষার্থী চূড়ান্ত ভাবে বিভিন্ন ক্যাডারে নিয়োগ পেয়েছেন? তা জানতে চাই। এদের মধ্যে কত জন নারী ও পুরুষ প্রতিবন্ধী পরীক্ষার্থী মৌখিক পরীক্ষা পাশ করে চুড়ান্তভঅবে বিভিন্ন ক্যাডারে নিয়োগ পেয়েছেন? তাদের নাম ও তালিকা পেতে চাই।

ছ) ২৮তম থেকে ৩৪ তম বিসিএস লিখিত এবং মৌখিক পরীক্ষায় মোট কে কত নম্বর পেয়েছেন? তাদের নাম ও নম্বরের তালিকা পেতে চাই। এদের মধ্যে নারী ও পুরুষ প্রতিবন্ধী পরীক্ষার্থী লিখিত ও মৌখিক পরীক্ষায় মোট কে কত নম্বর পেয়েছেন? তাদের নাম ও নম্বরের তালিকা পেতে চাই।

জ) বিসিএস পরীক্ষায় প্রতিবন্ধী পরীক্ষার্থীদের জন্য প্রয়োজনীয় স্বাচ্ছন্দের সুবিধা প্রধান করার সরকারি বিধান আছে কিনা? জানতে চাই। সরকারি চাকুরিতে প্রতিবন্ধীদের জন্য কত ভাগ কোটা সংরক্ষিত আছে? জানতে চাই এবং বিসিএসের অধীনে নিয়োগের ক্ষেত্রে প্রতিবন্ধীদের জন্য কত ভাগ কোটা অনুসরন করা হয় জানতে চাই।

২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ২৯-১১-২০১৫ তারিখে জনাব মোঃ শাহজাহান আলি মওলা, সচিব ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২০-০১-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ২৯-০২-২০১৬ তারিখের সভায় অভিযোগটি আমলে নিয়ে ২২-০৩-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

৪। শুনানীতে অভিযোগকারী হাজির হলেও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা গরহাজির। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) গরহাজির থাকায় ১৯-০৪-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর প্রতি সমন জারী করা হয়। অদ্য ১৯-০৪-২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির।

৫। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও অদ্যবধি কোন প্রতিকার না পেয়ে সংক্ষুব্ধ হয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

৬। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব নেয়ামত উল্লাহ, তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহে অপারগতা জানিয়ে স্মারক নং-৮০.২০০.০৭৩.০০.০০.০২৪.২০১৪/২০১ তারিখ - ১২.০১.২০১৬ মারফত একটি পত্র প্রেরণ করা হয়েছে । তিনি আরো বলেন যে, অভিযোগকারীর যাচিত তথ্য ৩৪তম বিসিএস পরীক্ষা সংক্রান্ত হওয়ায় অত্র বিষয়ে আদালতে ১১টি রীট মামলা চলমান থাকায় তথ্য অধিকার আইনের ৭ এর (ট) ধারা মোতাবেক এবং এ বিষয়ে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক দায়েরকৃত ৯৩৮০/২০১৪ নং রীট নিষ্পত্তি না হওয়া পর্যন্ত আবেদনকারীর যাচিত তথ্য প্রদান করা সম্ভব নয় মর্মে কমিশনকে অবহিত করেন । এমতাবস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কমিশনের নিকট ৯৩৮০/২০১৪ নং রীট নিষ্পত্তি না হওয়া পর্যন্ত কমিশনের নিকট সময় প্রার্থনা করেন ।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারীর যাচিত তথ্য সমূহের বিষয়ে আদালতে রীট মামলা চলমান রয়েছে এবং মহামান্য আদালত থেকে স্থগিতাদেশ দেওয়া হয়েছে । রীট মামলা বিচারাধীন থাকা অবস্থায় কমিশন কর্তৃক কোন আদেশ প্রদান সমীচীন নয় মর্মে প্রতীয়মান হয় ।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে যেহেতু অভিযোগকারীর যাচিত তথ্যের অনুরূপ বিষয়ে মহামান্য হাইকোর্টে রীট মামলা বিচারাধীন রয়েছে সেহেতু উক্ত রীট মামলা নিষ্পত্তি হওয়া পর্যন্ত এ বিষয়ে তথ্য কমিশন কর্তৃক কোন আদেশ প্রদান সমীচীন নয় বিবেচনায় উক্ত ৯,৩৮০/২০১৪ নং রীট মামলা নিষ্পত্তি পর্যন্ত অত্র অভিযোগ নিষ্পত্তির কার্যক্রম স্থগিত রাখা হলো ।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত	**স্বাক্ষরিত**	**স্বাক্ষরিত**
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)	**(নেপাল চন্দ্র সরকার)**	**(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)**
তথ্য কমিশনার	তথ্য কমিশনার	প্রধান তথ্য কমিশনার